

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

[Phone: 88-02-9511066, Fax: 88-02-9552323, www.most.gov.bd]

প্রেস বিজ্ঞপ্তি


বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অধীন ৭ (সাত) টি সংস্থার সাথে একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রামের সমঝোতা স্মারক স্বাক্ষরিত।

ঢাকা, ০৯ ডিসেম্বর, ২০১৫ইং –

বিভিন্ন উদ্ভাবনী উদ্যোগকে উৎসাহিত করতে এবং সরকারি পর্যায়ের সেবার মান ত্বরান্বিত করে ই-সেবায় রূপান্তরের লক্ষ্যে আজ প্রধানমন্ত্রীর কার্যালয়ের করবী হলে একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের আওতাধীন ৭ (সাত) টি সংস্থার মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন প্রধানমন্ত্রীর কার্যালয়ের মহাপরিচালক (প্রশাসন) ও এটুআই প্রোগ্রামের প্রকল্প পরিচালক কবির বিন আনোয়ার এবং ৭ (সাত)টি সংস্থার প্রধান কর্মকর্তাগণ। সংস্থাগুলো হলো বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর), বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক এন্ড ডকুমেন্টেশন সেন্টার এবং ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি।

এ সমঝোতা স্মারক স্বাক্ষরের মাধ্যমে উদ্ভাবনী সংস্কৃতিতে প্রয়োজনীয় পরিবর্তন নিয়ে আসা সম্ভব হবে। ফলে উদ্ভাবকেরা আরও বেশি করে নাগরিক সেবাকেন্দ্রিক উদ্ভাবন নিয়ে কাজ করার জন্য উৎসাহিত হবেন। উদ্ভাবনী নিয়ে আগ্রহী ব্যক্তি-প্রতিষ্ঠানের জন্য ভার্চুয়াল পোর্টাল, উদ্ভাবনী বিষয়ক কর্মশালার আয়োজনের পাশাপাশি উদ্ভাবক, উদ্যোক্তা, বিনিয়োগকারী, বিজ্ঞানী এবং সংশ্লিষ্ট ও ব্যক্তিদের মধ্যে সম্পর্ক তৈরি এবং ক্ষেত্রবিশেষে নিজেদের অবকাঠামো ব্যবহারের সুবিধা প্রদান, চলমান প্রকল্পসমূহের বাস্তবায়ন, পর্যবেক্ষণ, মূল্যায়ন ও দিক নির্দেশনা প্রদানের ক্ষেত্রে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এবং তার আওতাধীন সংস্থাসমূহ অত্যন্ত গুরুত্বপূর্ণ সহায়তা প্রদান করবে। এসকল দপ্তরগুলো এটুআই প্রোগ্রামের সহায়তায় তাদের প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত উদ্ভাবনসমূহ প্রচার ও বাণিজ্যিকীকরণের পাশাপাশি তাদের সেবাদান প্রক্রিয়াকে সহজিকরণের পদক্ষেপ গ্রহণ করবে।

সমঝোতা স্মারক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্য সচিব আবুল কালাম আজাদ এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব মোঃ সিরাজুল হক খান। এছাড়াও বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মোঃ মজিবুর রহমান, মাহমুদা মিন আরা এবং এটুআই, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়ের আওতাধীন ৭ (সাত)টি সংস্থার উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এ সময় উপস্থিত ছিলেন।



(মোঃ কামরুল ইসলাম ভূইয়া)

তথ্য কর্মকর্তা

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

ফোনঃ ৯৫৪০৩৮৭ (অফিঃ)

মোবাঃ ০১৬৭২-৮৯ ৭৭ ৮৯

E-mail: buyankamrul@gmail.com